


## প্রেস বিজ্ঞপ্তি

### ডায়-এ্যামোনিয়াম ফসফেট (ডিএপি) সারের মূল্য হ্রাস

ঢাকা, ১৫ কার্তিক, ১৪২১ বঃ ; ৩০ অক্টোবর ২০১৪ খ্রিঃ

সুষম সার ব্যবহারে কৃষকগণকে উদ্বুদ্ধকরণ, কৃষিক্ষেত্রে গাছের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিসহ টেকসই খাদ্য নিরাপত্তার স্বার্থে সরকার কর্তৃক ডায়-এ্যামোনিয়াম ফসফেট (ডিএপি) সারের মূল্য হ্রাসের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ প্রেক্ষিতে সকল পর্যায়ে (ডিলার এবং কৃষক পর্যায়ে) ডিএপি সারের মূল্য প্রতিকেজি ২.০০ টাকা হ্রাস করা হলো। এর ফলে কৃষক পর্যায়ে ডিএপি সারের সর্বোচ্চ খুচরা মূল্য প্রতিকেজি ২৭.০০ টাকা হতে কমিয়ে প্রতিকেজি ২৫.০০ টাকা এবং ডিলার পর্যায়ে প্রতিকেজি ২৫.০০ টাকা হতে কমিয়ে প্রতিকেজি ২৩.০০ টাকা নির্ধারণ করা হলো। এ মূল্য ০১লা নভেম্বর ২০১৪ তারিখ হতে কার্যকর হবে।

ডিএপি সারে ফসফেট এবং নাইট্রোজেন উভয় উপাদানই বিদ্যমান থাকায় উহা প্রয়োগের ফলে ইউরিয়া ও ফসফেটের সুফল পাওয়া যাবে; এতে অর্থ ও শ্রম উভয়ের সাশ্রয় হবে। ডিএপি সার ব্যবহারের ফলে গাছের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়বে ফলে কীটনাশকের ব্যবহার হ্রাস পাবে এবং ফসলের দানা পুষ্ট হবে ফলশ্রুতিতে উৎপাদনও উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাবে।



বিবেকানন্দ রায়

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

মোবাঃ ০১৭১১-৮১৫৮৮১

ফোনঃ ৯৫১৪৭৭৬

E-mail-vivekroy07@yahoo.com